# আল-মুদ্দাসসির | Al-Muddathir | ٱلْمُدَّثِّر

আয়াতঃ ৭৪ : ২

## আরবি মূল আয়াত:

قُمْ فَأَنذِرْ ﴿٢﴾

## অনুবাদসমূহ:

উঠ, অতঃপর সতর্ক কর। — আল-বায়ান

ওঠ, সতর্ক কর। — তাইসিরুল

উঠ, সতর্ক বাণী প্রচার কর। — মুজিবুর রহমান

Arise and warn — Sahih International

### ২. উঠুন, অতঃপর সতর্ক করুন(১),

(১) এখানে সর্বপ্রথম নির্দেশ হচ্ছে, قُمْঅর্থাৎ উঠুন। এর আক্ষরিক অর্থ ‘দাঁড়ান’ও হতে পারে। অর্থাৎ আপনি বস্ত্রাচ্ছাদন পরিত্যাগ করে দন্ডায়মান হোন। এখানে কাজের জন্যে প্রস্তুত হওয়ার অর্থ নেয়াও অবান্তর নয়। উদ্দেশ্য এই যে, এখন আপনি সাহস করে জনশুদ্ধির দায়িত্ব পালনে সচেষ্ট হন। أَنذِرশব্দটি إِنذارথেকে উদ্ভুত। অর্থ সতর্ক করা। এখানে মক্কার কাফেরদেরকে সতর্ক করতে বলা হয়েছে। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

### (২) উঠ, সতর্ক কর, [1]

[1] অর্থাৎ, মক্কাবাসীদেরকে ভয় দেখাও, যদি তারা ঈমান না আনে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5497

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন